চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

শিশুর জন্য বিনিয়োগ করি ভবিষ্যতের বিশ্ব গড়ি প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে দশটার সময় বাংলাদেশ শিশু একাডেমি চুয়াডাঙ্গা জেলার আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবারো চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়।

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২৩ এর শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক বলেন, আজকের শিশু আগামী দিনের ভবিষ্যতে। এই ভবিষ্যত প্রজন্ম নেতৃত্ব গড়ে উঠবে আগামী দিনের সুন্দর বাংলাদেশ। শিশু সুরক্ষা ও শিশুদের মেধা বিকাশে ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিশুদের সুরক্ষা জন্য বাংলাদেশ আইন ব্যবস্থা চালু আছে।কোথাও কোন শিশু কোন প্রকার নির্যাতন বা নিপিড়নের শিকার না হয় সেদিকে আমাদের লক্ষ রাখতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা শিশু একাডেমির শিশু বিষয়ক কর্মকর্তা আফসানা ফেরদৌসি, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার শহিদুল আলম সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

কুষ্টিয়ায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের আলোচনা সভা

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, সুষ্ঠু পরিকল্পনা ও সঠিক দিকনির্দেশনার মাধ্যমেই শিশুদের পরিপূর্ণ বিকাশ সম্ভব। তিনি বলেন, শিশুদের কল্যাণ, সুরক্ষা ও অধিকার নিশ্চিত করে তাদের জাঁতি গঠনের উপযোগী করে গড়ে তুলতে হবে। তাই শিশুশ্রম বন্ধে ১৪ বছরের কম শিশুদের সমস্যা চিহ্নিত করে সেগুলোর সমাধান করতে হবে বলেও জানান তিনি।

সোমবার সকালে (২ অক্টোবর) কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আজকের শিশুরাই আগামীর ভবিষ্যত। আর তাই শিশুদের সুন্দর আগামী প্রতিষ্ঠার কারিগর হিসেবে গড়ে তুলতে এখন থেকেই কাজ করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তারের সভাপতিত্বে বক্তব্য রাখেন কুষ্টিয়ার পুলিশ সুপার এএইচএম আব্দুর রকিব, জেলা শিশু একাডেমী কুষ্টিয়ার কর্মকর্তা মখলেসুর রহমান ও সচেতন নাগরিক কমিটি (সনাক) র সভাপতি হাজী রফিকুল আলম টুকু প্রমুখ।
আলোচনা সভা শেষে আয়োজিত অনুষ্ঠানে শিশুরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রকারীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন।

এরআগে “শিশুর জন্য বিনিয়োগ করি, ভবিষ্যতের বিশ্ব গড়ি” প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্র শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।